

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ১০, ২০১৪

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়, ঢাকা

শোক প্রস্তাৱ

তারিখঃ ২৭ জুলাই, ২০১৪

নং দুদক/২৩৮-৮৭(সং-১)/২২১৬৮(১২৫)।—দুর্নীতি দমন কমিশন, সমৰ্পিত জেলা কার্যালয়, রাজশাহীর উপপরিচালক জনাব মোঃ নজরুল ইসলাম কর্মরত থাকা অবস্থায় গত ২৬ জুলাই, ২০১৪ তারিখ শনিবার দিবাগত রাত ৯:০০ ঘটিকায় খুলনাস্ত নিজ বাসভবনে ইষ্টেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহীহি রাজেউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৬ বৎসর ০১ মাস ০৩ দিন।

২। মরহুম মোঃ নজরুল ইসলাম ২৪ জুন, ১৯৫৮ তারিখ গোপালগঞ্জ জেলার কাশিয়ানী থানার ঘোনাপাড়া গ্রামে এক সন্ত্রাস্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বিলুপ্ত দুর্নীতি দমন ব্যৱোতে পিএসসি'র মাধ্যমে ২৬ মে, ১৯৮৫ তারিখ পরিদর্শক পদে সরকারি চাকুরীতে যোগদান করেন। পরবর্তীতে দুর্নীতি দমন কমিশনে বহাল ও পদায়িত হন। তিনি একজন সৎ, কর্তব্যপূরণ ও দক্ষ কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র, দুই কন্যাসহ বহু আত্মীয়স্বজন ও গুণহারী রেখে যান।

৩। দুর্নীতি দমন কমিশন মরহুম মোঃ নজরুল ইসলাম-এর অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনাসহ তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ বদিউজ্জামান

চেয়ারম্যান।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(১৬৭৬১)

মূল্যঃ টাকা ৪.০০